

## বিশৃঙ্খলা সৃষ্টি করলে জেল্লাটোকানো হবে : ছাত্রলীগ নেতাদের প্রধানমন্ত্রী

যাযাদি রিপোর্ট

বিশৃঙ্খলা সৃষ্টি করলে প্রয়োজনে ছাত্রলীগ নেতাদের জেলে ঢোকানোর হুঁশিয়ারি দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার বাংলা নববর্ষের দিন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রীর সঙ্গে ছাত্রলীগের নেতারা সাক্ষাৎ করলে তিনি এ হুঁশিয়ারি দেন। ছাত্রলীগ সূত্রে জানা গেছে, (এ) সময় প্রধানমন্ত্রীর সঙ্গে তাদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

সূত্র জানায়, মঙ্গলবার দুপুর ১২টায় কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসান রিপন ও সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটনের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় নেতারা প্রধানমন্ত্রীর সঙ্গে তার সরকারি

বাসভবন যমুনায় দেখা করেন।

ছাত্রলীগ নেতাদের সাবধান করে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী বলেছেন, যারা বিশৃঙ্খলা সৃষ্টি করবে তাদের কঠোর শাস্তি পেতে হবে। প্রয়োজনে পাঁচ বছরের জন্য কারাভোগের শাস্তিও হতে পারে। আর যারা ভালো কাজ করবে তাদের জন্য রয়েছে পুরস্কার এবং যারা যড়যন্ত্রে লিপ্ত তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে বলে তিনি হুঁশিয়ারি করে দেন।

উল্লেখ্য, ৪ এপ্রিল ছাত্রলীগের সাংগঠনিক নেতীর পদ ছেড়ে দেন শেখ হাসিনা। পরদিন স্বপদে ফিরে আসার দাবিতে ছাত্রলীগের শতাধিক কেন্দ্রীয় নেতা পদত্যাগ করেন। এরপর ছাত্রলীগ নেতাদের বারবার চেষ্টা সত্ত্বেও কারো সঙ্গে দেখা করেননি তিনি।